রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোনঃ ০২৪৭-৮৬০৫০৬
ফ্যাক্সঃ ০২৪৭-৮৬০৫০৬
ই-মেইল-dgmpd@rakub.org.bd
ওয়েবসাইট- www.rakub.org.bd

প্রধান কার্যালয়, রাজশাহী

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার নং-প্রকা/কব্যবি-৩/২০১৭ তারিখ:৩১-০৫-২০১৭

বিষয়: ২০১৫-২০১৬ অর্থবছরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া হিসেবে প্রদান প্রসংগে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বিশেষায়িত ব্যাংক-১ শাখার ৩১-০৫-২০১৭ তারিখের ৫৩.০০.০০০০.৩২১.২২.০০২.১৭-১৬৪ নম্বর পত্র এতদসংগে সংযুক্ত করা হলো (সংলাগ-১)।

০২। উক্ত পত্র মারফত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০১৫-২০১৬ অর্থবছরের জন্য ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া হিসেবে প্রদানের নির্দেশ দেয়া হয়েছে।

০৩। মন্ত্রণালয়ের উপরোক্ত পত্রের নির্দেশের প্রেক্ষিতে এই ব্যাংকের সকল স্থায়ী কর্মকর্তা/কর্মচারী-কে ৩০-০৬-২০১৬ তারিখে প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ ২০১৫-২০১৬ অর্থ বছরের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

(১)স্থায়ীভাবে মঞ্জুরিকৃত পদের বিপরীতে শিক্ষানবিস/অফিসিয়েটিং ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীসহ কেবলমাত্র ব্যাংকের নিয়মিত কর্মকর্তা/কর্মচারী এ সুবিধা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন ;

(২) সরাসরি নিয়োগের মাধ্যমে ব্যাংকের চাকুরীতে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীর সংশ্লিষ্ট বছরের শেষ কর্মদিবসে কমপক্ষে ৬(ছয়) মাস চাকুরী পূর্ণ হতে হবে। ৬ (ছয়) মাস চাকুরীর জন্য ৫০% এবং তদূর্ধ্ব সময়ের জন্য আনুপাতিক হারে এ সুবিধা প্রদান করা হবে ;

(৩) খন্ডকালীন চাকুরী অথবা দৈনিক মজুরী ভিত্তিতে নিয়োজিত ব্যক্তিবর্গ এ সুবিধা প্রাপ্য হবেন না ;

(৪) অবসরপ্রাপ্ত/মৃত কর্মকর্তা/কর্মচারী যারা সংশ্লিষ্ট অর্থবছরে ব্যাংকের চাকুরীতে কর্মরত ছিলেন তারা/তাদের উত্তরাধিকারীগণ অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে এক্সগ্রেসিয়া প্রাপ্য হবেন। এরূপ কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট অর্থবছরে চাকুরীকাল ৬ (ছয়) মাস পূর্ণ না হলেও তারা/তাদের উত্তরাধিকারীগণ ঐ অর্থ বছরের প্রকৃত চাকুরীকালের জন্য আনুপাতিক হারে এক্সগ্রেসিয়া প্রাপ্য হবেন। তার/তাদের উত্তরাধিকারীগণের আবেদনের প্রেক্ষিতে সর্বশেষ কর্মস্থল হতে এক্সগ্রেসিয়া বিতরণ করা হবে ;

(৫) যে সকল কর্মকর্তা/কর্মচারী ব্যাংকের চাকুরী হতে বরখাস্ত বা অপসারিত বা সাময়িকভাবে বরখাস্ত হয়েছেন তারা এ সুবিধা পাবেন না। তবে এরূপ কোন কর্মকর্তা/কর্মচারী পরবর্তীতে চাকুরীতে পুনর্বহাল হলে এবং পুনর্বহাল আদেশে কোন আর্থিক সুবিধা প্রদানে বাধা না থাকলে সেক্ষেত্রে এ সুবিধা প্রদান করা যাবে ;

(৬) ব্যাংকের চাকুরী হতে পদত্যাগকারী কর্মকর্তা/কর্মচারীগণ ইহা পাওয়ার যোগ্য হবেন না। তবে যদি কেউ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে কোন নতুন চাকুরী গ্রহণ করার উদ্দেশ্যে পদত্যাগ করেন এবং সে চাকুরীতে এ ব্যাংকের চাকুরীর ধারাবাহিকতা বজায় থাকে, তাহলে এরূপ পদত্যাগকারীগণ সংশ্লিষ্ট অর্থবছরের প্রকৃত চাকুরীকালের জন্য আনুপাতিক হারে এক্সগ্রেসিয়া প্রাপ্য হবেন ;

(৭) সংশ্লিষ্ট অর্থবছরে ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারী অন্য যে সংস্থায় প্রেষণে/লিয়েনে নিয়োজিত ছিলেন/ থাকবেন সে সংস্থাকে এ বাবদ খরচ বহন করতে হবে ;

(৮) সংশ্লিষ্ট বছরে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রেষণে সরকারী দপ্তরে/রাষ্ট্রায়ত্ব অপর ব্যাংক/অর্থলগ্নী প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ছিলেন কিন্তু সংশ্লিষ্ট ব্যাংক হতে বেতন ভাতাদি প্রাপ্ত হতেন তাদের জন্যও প্রস্তাবিত আর্থিক সুবিধা প্রযোজ্য হবে। অন্য কোন প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা/কর্মচারী প্রেষণে সংশ্লিষ্ট ব্যাংকে উক্ত বছরে কর্মরত ছিলেন কিন্তু তাদের নিজ নিজ মূল প্রতিষ্ঠান হতে বেতন ভাতা প্রদেয় হতো তাদের জন্য এ আদেশ কার্যকর হবে না ;

(৯) শৃংখলাজনিত অপরাধে জড়িত কোন কর্মকর্তা/কর্মচারীকে গুরুদন্ড প্রদান করার সাময়িক সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকলে উক্ত মোকদ্দমা চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত এ সুবিধা প্রদান করা যাবে না ;

(১০) সংশ্লিষ্ট অর্থবছরে অবসর-উত্তর ছুটি ভোগকারী কর্মকর্তা/কর্মচারীগণ ছুটিকালের জন্য আনুপাতিক হারে তাদের ছুটি প্রারম্ভের প্রাক্কালে আহরিত বেতনের উপর ভিত্তি করে এ সুবিধা প্রাপ্য হবেন ;

(১১) যে তারিখের বেতনের উপর ভিত্তি করে এ সুবিধা প্রদান করা হবে ঐ তারিখে কোন কর্মকর্তা/কর্মচারী যদি পূর্ণ বেতনে বা অর্ধ বেতনে ছুটিতে থাকেন (অবসর-উত্তর ছুটি ব্যতীত) তাহলে ছুটিতে গমণ করার পূর্বদিন যে বেতন ছিল তার উপর ভিত্তি করে এ সুবিধা প্রাপ্য হবেন ;

(১২) সংশ্লিষ্ট অর্থবছরে বিনা বেতনে অসাধারণ ছুটি ভোগকারী কর্মকর্তা/কর্মচারীগণের অসাধারণ ছুটিকাল বাদ দিয়ে অবশিষ্ট চাকুরীকালের জন্য অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে আনুপাতিক হারে ইহা প্রাপ্য হবেন।

০৩। বেতনের সংজ্ঞা :

মূল বেতন বলতে মূল বেতনের সাথে অফিসিয়েটিং পে/স্পেশাল পে/টেকনিক্যাল পে (যদি থাকে) অন্তর্ভূক্ত হবে।

চলমান পৃষ্ঠা-০২

০৪। এ সুবিধা প্রদানের জন্য প্রধান কার্যালয় হতে পৃথক কোন ক্ষমতাপত্র জারী করা হবে না । প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীর **৩০-০৬-২০১৬ তারিখে** প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে এ সুবিধা প্রদান করা যাবে । কোন কর্মকর্তা/কর্মচারীকে প্রাপ্য অপেক্ষা অতিরিক্ত প্রদান করা হলে তজ্জন্য আয়ন ও ব্যয়ন কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

০৫। এ এক্সগ্রেসিয়া এর অর্থ ব্যাংকের প্রধান কার্যালয়ের হিসাব খাত হতে বহন করা হবে। শাখা ব্যবস্থাপকগণ কর্মকর্তা/কর্মচারীকে প্রদানকৃত টাকার পরিমাণ উল্লেখ পূর্বক নিম্নবর্ণিত 'ছক' মোতাবেক বিবরণী ও ১১১-রাকাব, সাধারণ হিসাব খাতকে ডেবিট করে ডেবিট এ্যাডভাইস স্ব স্ব জোনাল ব্যবস্থাপকের নিকট প্রেরণ করবেন । জোনাল ব্যবস্থাপকগণ তাদের জোনের সকল শাখা হতে বিবরণীসহ ডেবিট এ্যাডভাইস সংগ্রহ করে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১-এ প্রেরণ করবেন। বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয়, ঢাকা শাখা এবং স্থানীয় মুখ্য কার্যালয় বিবরণীসহ ডেবিট এ্যাডভাইস সরাসরি প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১-এ প্রেরণ করবেন ।

০৬। এ এক্স-গ্রেসিয়া প্রাপ্তির প্রেক্ষিতে ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীকে ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনের সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে ।

অনুমোদনক্রমে-

৩১/৫/১৭

(মোঃ মোয়াজ্জেম হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-১৫/২০১৫-২০১৬/৩৪৯৬(৪৪৭) তারিখ: ৩১-০৫-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। অফিস নথি।

৩১/৫/১৭

(রণজিৎ কুমার সেন)
সহকারী মহাব্যবস্থাপক

'ছক'

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
.... শাখা/অফিস

২০১৫-২০১৬ অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদেরকে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া হিসেবে প্রদানের বিবরণী :

ক্র: নং	নাম	পদবী	৩০-০৬-২০১৬ তারিখে মূল বেতন	২০১৫-২০১৬ অর্থ বছরে ব্যাংকে কর্মরত সময়	প্রদানকৃত এক্সগ্রেসিয়ার পরিমাণ	মন্তব্য

সংলাগ-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
বিশেষায়িত ব্যাংক-১ শাখা
www.bfid.gov.bd

নম্বর: ৫৩.০০.০০০০.৩২১.২২.০০২.১৭-১৬৪

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪
৩১ মে ২০১৭

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের ২০১৫-২০১৬ অর্থবছরের জন্য ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া (Ex-gratia) হিসেবে প্রদান।

সূত্র: (১) বাংলাদেশ কৃষি ব্যাংকের পত্র নম্বর: প্রকা/এইচআরএমডি-২/১৬(১)/২০১৬-২০১৭/৩২৭৮, তারিখ: ১৭.০৪.২০১৭;
(২) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের পত্র নম্বর: প্রকা/কেহিবি-১/২৪/২০১৬-২০১৭/৮৪৮৩, তারিখ: ১৭.০৪.২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব)-এর কর্মকর্তা/কর্মচারীদেরকে ২০১৫-২০১৬ অর্থবছরের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ এক্সগ্রেসিয়া (Ex-gratia) হিসেবে প্রদানে সরকারী অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

(ক) এ বাবদ যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট ব্যাংকের ২০১৫-২০১৬ অর্থবছরের নিজস্ব বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে;

(খ) অনুমোদিত এক্সগ্রেসিয়া শুধুমাত্র বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর স্থায়ী ও ২০১৫-২০১৬ অর্থবছরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে;

(গ) বাংলাদেশ কৃষি ব্যাংক এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-এর যে সকল কর্মকর্তা/কর্মচারী ২০১৫-২০১৬ অর্থবছরে প্রেষণে সরকারি দপ্তরে/রাষ্ট্র মালিকানাধীন অপর ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে নিয়োজিত ছিলেন কিন্তু বিকেবি/রাকাব হতে বেতন-ভাতাদি প্রাপ্ত হতেন তাদের জন্যও বর্ণিত আর্থিক সুবিধা প্রযোজ্য হবে। তবে অন্য কোন প্রতিষ্ঠানের যে সকল কর্মকর্তা/কর্মচারী বর্ণিত অর্থবছরে প্রেষণে বিকেবি/রাকাব-এ কর্মরত ছিলেন কিন্তু তাদের নিজ নিজ মূল প্রতিষ্ঠান হতে বেতন-ভাতা প্রাপ্ত হতেন তাদের জন্য এ আদেশ কার্যকর হবে না;

(ঘ) উল্লিখিত এক্সগ্রেসিয়া জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে ৩০ জুন, ২০১৬ তারিখে প্রাপ্য মূল বেতনের ভিত্তিতে প্রদান করতে হবে; এবং

(ঙ) ব্যাংকের লোকসান হ্রাস করে মুনাফা অর্জনের সর্বাত্মক পদক্ষেপ গ্রহণ করতে হবে।

৩১.০৫.২০১৭
(শেখ সিদ্দিকুর রহমান)
সহকারী সচিব
ফোন: ৯৫৮২৩২২

বিতরণ:

১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী।

নম্বর: ৫৩.০০.০০০০.৩২১.২২.০০২.১৭-

তারিখ: ৩১ মে ২০১৭

সদয় জ্ঞাতার্থে:

সচিব মহোদয়ের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

(শেখ সিদ্দিকুর রহমান)
সহকারী সচিব

RAKUB Exgratia Note